

চাকরি জাতীয়করণ দাবি

কালোবাজ পরে জেএসসি পরীক্ষা নিবেন শিক্ষকরা

যুগান্তর রিপোর্ট

চাকরি জাতীয়করণের দাবিতে আন্দোলনরত শিক্ষকরা আশ্বাষী নভেম্বর মাসে কালোবাজ ধারণ করে জেএসসি ও বার্ষিক পরীক্ষা পরিচালনা করবেন। একই দাবিতে ১৬ ডিসেম্বর শিক্ষা অধিদপ্তরও খেলাও করা হবে। বৃহস্পতিবার রাজধানীতে এক মানববন্ধন থেকে ৩২ কর্মসূচি ঘোষণা করা হয়। মানববন্ধন কর্মসূচিটিও চাকরি জাতীয়করণের দাবিতে বিকালে জাতীয় প্রেস ক্লাবের সামনে অনুষ্ঠিত হয়। শিক্ষক কর্মচারী একজোট আয়োজিত কর্মসূচিতে নেতৃত্ব দেন সংগঠনের চেয়ারম্যান অধ্যাপক মোঃ সেলিম উইজা। এতে বক্তব্য রাখেন নজমা শিক্ষক সমিতির মহাসচিব নাওসানা মোঃ দেলোয়ার হোসেন, প্রধান শিক্ষক সমিতির মহাসচিব মোঃ জাকির হোসেন, কেন্দ্রীয় নেতা অজিত কুমার সরকার, অধ্যাপক আলমগীর হোসেন, অধ্যাপক উদাহরুল হোসেন হান্নন, অধ্যাপক জাকারিয়া শরীফ, আঃ গনি, সাফনাস হোসেন, গোলাম হোসেন মোহেল, অধ্যাপক রকিবউদ্দিন, অধ্যাপক শফিকুল ইসলাম, সামছুল হক আরশাদ, অধ্যাপক আবদুল হাকিম, অধ্যাপক আমজাদ হোসেন, অধ্যাপক আবদুল মজিদ ও নাজির আহমদ প্রমুখ।

মানববন্ধন কর্মসূচিতে অধ্যাপক মোঃ সেলিম উইজা বলেন, অক্টোবর মাসের বেতনের সরকারি অংশ ও পূর্ণাঙ্গ উৎসব জতা না পেয়ে শিক্ষকরা পরিবার-পরিজন নিয়ে ঈদ আনন্দ থেকে বঞ্চিত হচ্ছেন। তিনি বলেন, একত্রেপীর ব্যবসায়ী ও সুবিধাজেষ্ঠী রাজনীতিবিদ, যাত্রী বেশের সম্পদ লুট করছেন। বেশরকারি শিক্ষকরা মানবতর জীবনধারণ করছেন অথচ সরকারের কোন নজর নেই। তারা মুখে মুখে শিক্ষকদের সম্মানের কথা বলে অন্যদিকে রাস্তায় তাদের লাঠিপেটা করেন। তিনি বেশরকারি শিক্ষক কর্মচারীদের চাকরি জাতীয়করণের জোর দৃষ্টি জানান। তিনি আরও বলেন, কর্তৃকন সরকার বিপত শৌনে ৪ বছর শিক্ষকদের কোন অর্থিক সুবিধা দিতে পারেনি।